



চাকুরী নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ও সিলেট বিভাগীয় এলাকায় দীর্ঘমেয়াদে চাকুরী করতে আগ্রহীদের জন্য

পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র (www.padakhep.org)- পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর শ্রেষ্ঠ সহযোগী সংস্থা হিসাবে পুরস্কারপ্রাপ্ত এবং সমগ্র দেশব্যাপী প্রতিষ্ঠিত একটি বেসরকারী সংস্থা (NGO) যা বাংলাদেশের অভীষ্ট জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবনযাত্রার গুণগত মান উন্নয়নে অবদান রাখার লক্ষ্যে ক্ষুদ্রঋণ, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, মৎস্য ও পশুসম্পদ, পুষ্টি, পানি ও পয়ঃ নিষ্কাশন, সৌরবিদ্যুৎ সহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। সংস্থার “ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচী” এর আওতায় ব্রাহ্মণ পর্যায়ে নিম্নোক্ত নিয়মিত পদে নিয়োগের লক্ষ্যে স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে “নির্বাহী পরিচালক, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রধান কার্যালয়, ঢাকা-১২০৭” এর বরাবর দরখাস্ত আহবান করা হচ্ছে।

পদের বিবরণ	প্রার্থীর বয়স ও যোগ্যতা	সর্বসাকুল্যে মাসিক বেতন (শহর, লাঞ্চ ও মোবাইল ভাতাসহ)	দায়িত্বের সংক্ষিপ্ত বিবরণ	আবেদনকারীর ধরণ
পদের নামঃ কমিউনিটি ম্যানেজার পদ সংখ্যাঃ (২১০টি)। প্রোগ্রামঃ ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচী কর্মস্থলঃ চট্টগ্রাম ও সিলেট বিভাগের আওতাভুক্ত জেলা/থানা পর্যায়	২৪ থেকে ৩২ বছর। স্নাতক/ এইচএসসি বা সমমান পাশ। তবে শিক্ষা জীবনে কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ কিংবা সিজিপিএ ২.০০ এর কম থাকলে তাদের আবেদন করার ব্যাপারে নিরুৎসাহিত করা যাচ্ছে। বৈধ লাইসেন্স ও কাগজসহ নিজস্ব মোটরসাইকেল/বাইসাইকেল থাকা আবশ্যিক। ক্ষুদ্রঋণ কার্যক্রমে অভিভাবকের অগ্রাধিকার দেওয়া হবে	শিক্ষানবীশকালীন: ক) ১৭,৫২৫/- টাকা (চট্টগ্রাম সিটি কর্পোরেশনভুক্ত কর্মস্থলে) খ) ১৬,৭২৫/- টাকা (অন্যান্য সিটি কর্পোরেশনভুক্ত কর্মস্থলে) গ) ১৬,০২৫/- টাকা (উপজেলা/পল্লী অঞ্চলের কর্মস্থলে) শিক্ষানবীশকাল শেষে: ক) ১৮,৭৭৫/- টাকা (চট্টগ্রাম সিটি কর্পোরেশনভুক্ত কর্মস্থলে) খ) ১৭,৯৭৫/- টাকা (অন্যান্য সিটি কর্পোরেশনভুক্ত কর্মস্থলে) গ) ১৭,২৭৫/- টাকা (উপজেলা/পল্লী অঞ্চলের কর্মস্থলে)। এছাড়া নিজস্ব মোটর সাইকেল ব্যবহারের ক্ষেত্রে মাসে ১,৫০০/- টাকা ফুয়েল ভাতা ও স্নাতক পাসের ক্ষেত্রে ৪০০/- টাকা শিক্ষা ভাতা প্রাপ্য হবে।	এলাকা জরিপ, গঠন, সমিতির সদস্যদের মাঝে ঋণ বিতরণ, ঋণের কিস্তি আদায়, ঋণ সংগ্রহ ও প্রতিবেদন প্রণয়নের পাশাপাশি কর্ম-এলাকায় বিভিন্ন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা।	চট্টগ্রাম ও সিলেট বিভাগের সকল জেলার স্থায়ী বাসিন্দা-গণ আবেদন করতে পারবে।

অন্যান্য সুযোগ সুবিধাঃ সফলভাবে শিক্ষানবীশকাল (৬ মাস) সমাপ্তি শেষে বর্ধিত বেতনে চাকুরী নিয়মিত করা সহ প্রভিডেন্ট ফান্ড, গ্রাটুয়িটি, কর্মী কল্যান সুবিধা, বছরে ২টি বোনাস, বার্ষিক ইনক্রিমেন্ট প্রভৃতি নিয়মানুযায়ী প্রাপ্য হবেন। পাশাপাশি, স্টাফ লোন, লজিস্টিক্স লোন, বদলী ও ভ্রমণ ভাতা, ইন্স্যুরেন্স সুবিধা, কর্মস্থলে একক আবাসন সুবিধা ও পর্যায়ক্রমে পদোন্নতির ব্যবস্থা রয়েছে। এছাড়া ঋণ ও ঋণ কার্যক্রম পরিচালনার দক্ষতা অনুসারে ইনসেন্টিভ প্রাপ্য হবেন। শর্তাবলীঃ ক) আগ্রহী প্রার্থীদের A-4 সাইজের সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্র ও জীবনবৃত্তান্ত (আপনাকে চিনবেন এমন দুই জন বিশিষ্ট ব্যক্তির নাম,ঠিকানা ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক), সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি স্পষ্ট রঙিন ছবি (ল্যাব প্রিন্ট), সকল শিক্ষাগত যোগ্যতা, প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ/ছাড়পত্র, স্থায়ী ঠিকানার স্বপক্ষে নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত সহ আগামী ১৫/১১/২০১৭ খ্রিষ্টাব্দ তারিখ বিকাল ৫টার মধ্যে “নির্বাহী পরিচালক, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রধান কার্যালয়, বাড়ী নং ৫৪৮, রোড নং ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় সরাসরি বা ডাকযোগের মাধ্যমে পৌঁছাতে হবে। খ) খামের উপর পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে। গ) যোগ্য প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষার সময়সূচী দরখাস্তে (সিভিতে) প্রদত্ত মোবাইল নম্বরে অবহিত করা হবে। ঘ) লিখিত পরীক্ষায় অংশগ্রহণের দিন পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা (অফেরতযোগ্য) জমা দিতে হবে। ঙ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় সংস্থার অনুকূলে জামানত হিসাবে ৮,০০০/- টাকা নগদে জমা দিতে হবে যা চাকুরী শেষে (নিয়মিত/স্থায়ীকরণ হবার শর্তে) লভ্যাংশসহ ফেরতযোগ্য। চ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর প্রধান অভিভাবক কর্তৃক ৩০০/- টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্প লিখিত অঙ্গীকারনামা প্রদান করতে হবে। এছাড়া প্রার্থীর আপনজন/আত্মীয়দের মধ্য থেকে আরো দুইজন ব্যক্তিকে (সরকারী/আধা সরকারী/বেসরকারী চাকুরীজীবী) সংস্থার নির্ধারিত ফরমে গ্যারান্টার হতে হবে। ছ) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না। জ) যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিল এবং নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংযোজন/শিথিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। ব) কোন প্রার্থী কোন ক্ষেত্রে মিথ্যা তথ্য প্রদান করলে নিয়োগ পাবার পরও যে কোন সময় তার নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন। ঞ) অধ্যয়নরতদের আবেদন করার প্রয়োজন নেই।